রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**মঙ্গলবার, নভেম্বর ৩, ২০১৫**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ**

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**

**মুদ্রণ ও প্রকাশনা শাখা**

**বিজ্ঞপ্তি**

তারিখ, ১৯ কার্তিক, ১৪২২ বঙ্গাব্দ/০৩ নভেম্বর, ২০১৫ খ্রিস্টাব্দ

**নং ০৩(মুঃপ্রঃ)**।—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের রাষ্ট্রপতি কর্তৃক ১৮ কার্তিক, ১৪২২ বঙ্গাব্দ/০২ নভেম্বর, ২০১৫ খ্রিস্টাব্দ তারিখে প্রণীত নিম্নে উল্লিখিত অধ্যাদেশটি এতদ্বারা জনসাধারণের জ্ঞাতার্থে প্রকাশ করা হইল।

## অধ্যাদেশ নং ৩, ২০১৫

## স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ (২০০৯ সনের ৫৮ নং আইন) এর অধিকতর সংশোধনকল্পে প্রণীত

## অধ্যাদেশ

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্যসমূহ পূরণকল্পে স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ (২০০৯ সনের ৫৮ নং আইন) এর অধিকতর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয়; এবং

যেহেতু সংসদ অধিবেশনে নাই এবং রাষ্ট্রপতির নিকট ইহা সন্তোষজনকভাবে প্রতীয়মান হইয়াছে যে, আশু ব্যবস্থা গ্রহণের জন্য প্রয়োজনীয় পরিস্থিতি বিদ্যমান রহিয়াছে;

সেহেতু গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ৯৩(১) এ প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি নিম্নরূপ অধ্যাদেশ প্রণয়ন ও জারি করিলেন:—

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন**।—(১) এই অধ্যাদেশ স্থানীয় সরকার (পৌরসভা) (সংশোধন) অধ্যাদেশ, ২০১৫ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।



**মূল্য ঃ** টাকা ৪.০০

২। **২০০৯ সনের ৫৮ নং আইনের ধারা ২ এর সংশোধন**।—স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ (২০০৯ সনের ৫৮ নং আইন), অত:পর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ২ এর—

(ক) দফা (৫৫) এর পর নিম্নরূপ দফা (৫৫ক) সন্নিবেশিত হইবে, যথা :—

''(৫৫ক) ''**রাজনৈতিক দল**'' অর্থ Representation of the People Order, 1972 (P.O No. 155 of 1972) এর Article 2 (xixa) তে সংজ্ঞায়িত registered political party;'';

(খ) দফা (৬১) এর পর নিম্নরূপ দফা (৬১ক) সন্নিবেশিত হইবে, যথা :—

''(৬১ক) ''**স্বতন্ত্র প্রার্থী**'' অর্থ এইরূপ কোন প্রার্থী যিনি কোন রাজনৈতিক দল কর্তৃক মনোনয়নপ্রাপ্ত নহেন;''।

৩। **২০০৯ সনের ৫৮ নং আইনে নূতন ধারা ২০ক এর সন্নিবেশ**।—উক্ত আইনের ধারা ২০ এর পর নিম্নরূপ নূতন ধারা ২০ক সন্নিবেশিত হইবে, যথা :—

''২০ক। **নির্বাচনে অংশগ্রহণ**।—ধারা ১৯ এর বিধান সাপেক্ষে, কোন পৌরসভার মেয়র ও কাউন্সিলর পদে নির্বাচনে অংশগ্রহণের জন্য কোন ব্যক্তিকে কোন রাজনৈতিক দল কর্তৃক মনোনীত প্রার্থী বা স্বতন্ত্র প্রার্থী হইতে হইবে।''।

৪। **২০০৯ সনের ৫৮ নং আইনের ধারা ২১ এর সংশোধন**।—উক্ত আইনের ধারা ২১ এর উপ-ধারা (১) এর দফা (খ) এর পর নিম্নরূপ দফা (খখ) সন্নিবেশিত হইবে, যথা :—

''(খখ) রাজনৈতিক দল কর্তৃক মনোনীত প্রার্থী বা স্বতন্ত্র প্রার্থীর নির্বাচনে অংশগ্রহণ সংক্রান্ত যে কোন বিষয়;''।

**মোঃ আবদুল হামিদ**
রাষ্ট্রপতি
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ

তারিখ : ১৮ কার্তিক, ১৪২২ বঙ্গাব্দ
২ নভেম্বর, ২০১৫ খ্রিস্টাব্দ

**মোহাম্মদ শহিদুল হক**
সচিব
লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক (দায়িত্বপ্রাপ্ত), বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
ড. মহিউদ্দীন আহমেদ (উপসচিব), উপপরিচালকের দায়িত্বে, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd